

ইবি উপাচার্যের বর্ষপূর্তি, শিক্ষার্থীদের মূল্যায়নে ‘অকৃতকার্য’

ইবি প্রতিনিধি



সংগৃহীত ছবি

গত বছরের ২৩ সেপ্টেম্বর ইসলামী বিশ্বিদ্যালয়ের (ইবি)

উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ড. নকীব মোহাম্মদ

নসরুল্লাহ। তার দায়িত্বপালনের বর্ষপূর্তিতে ১০টি বিষয়ে মূল্যায়ন

জরিপ চালিয়েছে ‘ইবি সংক্রান্ত আন্দোলন’। এতে ১০ নম্বরে গড়ে

২.৪৫ পেয়ে অকৃতকার্য হয়েছেন উপাচার্য।

মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) দুপুরে বিশ্বিদ্যালয়ের ডায়না চতুরে

এক সংবাদ সম্মেলনে জরিপের ফলাফল প্রকাশ করে সংগঠনটি।

এ সময় সংগঠনটির সদস্য খন্দকার আবু সাঈম, তুকী ওয়াসিফ,

আবদুল্লাহ আল রাহাত, রাউফুল্লাহ খান, নওশীন শারমিলি, উম্মে

হাবিবা সিগমাসহ অন্য সদস্যরা উপস্থিত ছিলেন।



ভারতের পত্রিকা ‘এই সময়’ আমার সাক্ষাৎকার
ভুলভাবে উপস্থাপন করেছে : মির্জা ফখরুল

জরিপ সূত্রে জানা গেছে, অনলাইন ও অফলাইনে পরিচালিত

জরিপে বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ থেকে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের

১৩১২ শিক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে আবাসিক শিক্ষার্থী ৮১২ ও

অনাবাসিক শিক্ষার্থীর সংখ্যা ৪৩৬ জন। নম্বর দেওয়ার ক্ষেত্রে

প্লাটফরমটি চারটি ক্যাটাগরি করেছে।

সেগুলো হলো খারাপ (১-৩), মোটামুটি (৪-৬), ভালো (৭-৮) ও

অতি ভালো (৯-১০)। এই মূল্যায়নে গড়ে ২.৪৫ নম্বর পেয়েছেন

উপাচার্য। যা রেটিং ক্যাটাগরি অনুযায়ী ১-৩ এর মধ্যে তথা

খারাপ। মূল্যায়নের বিষয়গুলো হলো—সেশনজট নিরসন, সাজিদ

আবুল্লাহ হত্যার বিচারের অগ্রগতি, ক্যাম্পাসের নিরাপত্তা ও

শৃঙ্খলা, ছাত্রসংসদ গঠন, বিশ্ববিদ্যালয় আধুনিকীকরণ, আবাসিক

হলের খাবারের মান বৃদ্ধি, গবেষণা খাতে বাজেট বৃদ্ধি,

মেডিক্যালের সেবার মান বৃদ্ধি, নারী শিক্ষার্থীদের নিরাপত্তা এবং

পরিবহন সংকট নিরসন ইত্যাদি।

৫৮



ইরানে এ বছর অন্তত ১০০০ মৃত্যুদণ্ড কার্যকর

এ সময় সংগঠনটির সদস্যরা বলেন, আমরা গত এক বছরে
উপাচার্যের কাজে শিক্ষার্থীদের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন
দেখতে পাইনি। আমরা শুধুই আশাস পেয়েছি। আমরা ভেবেছিলাম
জুলাইয়ের পরবর্তী প্রশাসন শিক্ষার্থীদের আশার প্রতিফলন ঘটাবে।
বিস্ত এক বছরে উপাচার্য যে কাজ করেছেন তাতে তিনি অকৃতকার্য
হয়েছেন। জরিপ করতে গিয়ে আমরা দেখেছি মাইনাস মার্কিং না
থাকার পরেও অনেকে মাইনাস মার্ক দিয়েছেন।

উপাচার্য যদি শিক্ষার্থীদের আকাঙ্ক্ষা পূরণ করতে না পারে তাহলে
তার দায়িত্বে থাকার অধিকার নেই। আমরা সামনে প্রশাসনের সব
পার্ট নিয়ে আরো বৃহৎ পরিসরে জরিপ করব।